একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত হবে

অতীব জরুরি
নির্বাচন অগ্রাধিকার

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০২.১৯-৪০৯

তারিখ: ১৭ আশ্বিন ১৪২৬ / ০২ অক্টোবর ২০১৯

**বিষয় : জাতীয় সংসদের ২১ রংপুর-৩ শূন্য আসনের নির্বাচন উপলক্ষে নির্বাচন পর্যবেক্ষক নিয়োগ**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, **০৫ অক্টোবর ২০১৯** তারিখ জাতীয় সংসদের ২১ রংপুর-৩ নির্বাচনি এলাকার শূন্য আসনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনের ভোটগ্রহণ সুষ্ঠু, অবাধ, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে এবং প্রতিটি ভোটকেন্দ্রের নির্বাচনের পরিস্থিতি নিবিড় ও পুঙ্খানুপুঙ্খভাবে পর্যবেক্ষণের নিমিত্ত ভোটগ্রহণের পূর্ব দিন ও ভোটগ্রহণের দিনের জন্য নিম্নোক্ত কর্মকর্তাকে নির্বাচন পর্যবেক্ষক হিসেবে নিয়োগ প্রদান করা হল:

| ক্রমিক | কর্মকর্তার নাম ও পদবি<br>(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) | বর্তমান কর্মস্থল |
|---|---|---|
| ০১ | মোঃ হাবিবুর রহমান<br>অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন অফিসার | আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়<br>রংপুর অঞ্চল, রংপুর |
| ০২ | মোঃ জাহাঙ্গীর আলম রাকিব<br>জেলা নির্বাচন অফিসার | জেলা নির্বাচন অফিস<br>কুড়িগ্রাম |
| ০৩ | মোহাম্মদ আশ্রাফুল আলম<br>জেলা নির্বাচন অফিসার | জেলা নির্বাচন অফিস<br>পঞ্চগড় |
| ০৪ | মোঃ মঞ্জুরুল হাসান<br>জেলা নির্বাচন অফিসার | জেলা নির্বাচন অফিস<br>লালমনিরহাট |
| ০৫ | মোঃ সেকান্দার আলী<br>উপজেলা নির্বাচন অফিসার | উপজেলা নির্বাচন অফিস<br>সুন্দরগঞ্জ, গাইবান্ধা |
| ০৬ | মোঃ শাহীনুর আলম<br>উপজেলা নির্বাচন অফিসার | উপজেলা নির্বাচন অফিস<br>পলাশবাড়ী, গাইবান্ধা |
| ০৭ | মোঃ রেজাউল করিম<br>উপজেলা নির্বাচন অফিসার | উপজেলা নির্বাচন অফিস<br>পীরগাছা, রংপুর |
| ০৮ | মোঃ রবিউল আলম<br>উপজেলা নির্বাচন অফিসার | উপজেলা নির্বাচন অফিস<br>সৈয়দপুর, নীলফামারী |
| ০৯ | মোঃ আব্দুল হান্নান<br>উপজেলা নির্বাচন অফিসার | উপজেলা নির্বাচন অফিস<br>মিঠাপুকুর, রংপুর |
| ১০ | মোঃ আজাদুল হেলাল<br>উপজেলা নির্বাচন অফিসার | উপজেলা নির্বাচন অফিস<br>লালমনিরহাট সদর, লালমনিরহাট |
| ১১ | মোঃ জায়েদ ইবনে আবুল ফজল<br>উপজেলা নির্বাচন অফিসার | উপজেলা নির্বাচন অফিস<br>দিনাজপুর সদর, দিনাজপুর |
| ১২ | মোঃ এমদাদুল হক<br>উপজেলা নির্বাচন অফিসার | উপজেলা নির্বাচন অফিস<br>উলিপুর, কুড়িগ্রাম |
| ১৩ | মোঃ আনোয়ার হোসেন<br>উপজেলা নির্বাচন অফিসার | উপজেলা নির্বাচন অফিস<br>নাগেশ্বরী, কুড়িগ্রাম |

০২। নির্বাচন কমিশনের পর্যবেক্ষক হিসেবে নিয়োজিত কর্মকর্তাগণ নিম্নরূপভাবে দায়িত্ব পালন করবেনঃ

(ক). নিয়োগপ্রাপ্ত পর্যবেক্ষকগণ ০৪ অক্টোবর ২০১৯ তারিখের মধ্যে অবশ্যই সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার-এর নিকট রিপোর্ট করবেন;

(খ). রিটার্নিং অফিসার উক্ত দিনেই নিয়োগকৃত পর্যবেক্ষকগণের পর্যবেক্ষণ এলাকা বণ্টন করবেন এবং এর একটি তালিকা নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করবেন;



অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

(গ). রিটার্নিং অফিসার নিয়োগপ্রাপ্ত পর্যবেক্ষকগণকে নির্বাচনি এলাকার পরিস্থিতি এবং সুষ্ঠু, সুন্দর ও অবাধ নির্বাচন অনুষ্ঠানে তাদের দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালনে করণীয় সম্পর্কে অবহিত করবেন;

(ঘ). রিটার্নিং অফিসার কর্তৃক দায়িত্ব পাওয়ার পর পর দায়িত্ব প্রদানকৃত এলাকায় পর্যবেক্ষকগণ অবস্থান করে পরিস্থিতি পর্যবেক্ষণ করবেন। নির্বাচনের পূর্ব দিন রাতে ভোটকেন্দ্রে সকল আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য এবং ভোটগ্রহণকারী কর্মকর্তাগণ অবস্থান করছেন কিনা তা পর্যবেক্ষণ করতে হবে।

(ঙ). পর্যবেক্ষণকালে আইন ও বিধি অনুসারে কোনরূপ অনিয়ম বা ত্রুটি-বিচ্যুতি (যেমন-ব্যালট ছিনতাই, আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি, ভোটারদের কেন্দ্রে প্রবেশে বাধা প্রদান, জাল ভোট, অবৈধ প্রভাব বিস্তারের প্রচেষ্টা ইত্যাদি) নজরে আসা মাত্র টেলিফোন বা মোবাইল এর মাধ্যমে এবং প্রয়োজনে লিখিতভাবে রিটার্নিং অফিসার, নির্বাচন কমিশন সচিবালয়ের সিনিয়র সহকারী সচিব (নিঃব্যঃওসঃ-১), উপসচিব (নিঃপঃ-২), যুগ্মসচিব (নিঃব্যঃ-২), অতিরিক্ত সচিব , সচিব মহোদয় এবং প্রয়োজনে মাননীয় নির্বাচন কমিশনারগণ ও মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-কে অবহিত করবেন; এবং

(চ). পর্যবেক্ষণ সমাপ্ত হলে সংযুক্ত ছকে ২৪(চব্বিশ) ঘণ্টার মধ্যে প্রতিবেদন এবং গুরুত্বপূর্ণ ঘটনা ঘটলে তা অতিরিক্ত কাগজে লিপিবদ্ধপূর্বক সচিব, নির্বাচন কমিশন সচিবালয় এবং সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার-এর নিকট দাখিল করবেন।

০৩। উপরি-উক্ত নির্দেশনা অনুসারে পর্যবেক্ষকগণেকে দায়িত্ব পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ পর্যবেক্ষণ প্রতিবেদন ছক

(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ০২-৫৫০০৭৫২৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর ও রিটার্নিং অফিসার

২। দায়িত্বপ্রাপ্ত পর্যবেক্ষক, ..................................(সকল)

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০২.১৯-৪০৯

তারিখ: ১৭ আশ্বিন ১৪২৬ / ০২ অক্টোবর ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ
২. উপমহাপুলিশ পরিদর্শক, রংপুর রেঞ্জ
৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৪. জেলা প্রশাসক, রংপুর
৫. পুলিশ সুপার, রংপুর
৬. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, রংপুর ও ও সহকারী রিটার্নিং অফিসার
৭. উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর
৮. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়,ঢাকা [মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য]
৯. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ..............................................., এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য]
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
১১. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব............................(সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. উপজেলা নির্বাচন অফিসার, রংপুর সদর, রংপুর ও সহকারী রিটার্নিং অফিসার
১৩. অফিসার ইনচার্জ, .................................(সংশ্লিষ্ট থানা)

(মোহাম্মদ আশফাকুর রহমান)
সহাকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
E-mail:sasemc1@gmail.com

\\150.1.190.50\Share\000. Writ 11 perliment\Observer Letter.doc